

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
সরকারি কলেজ-৩ অধিশাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নম্বর- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২১.২০২১. ৩৭৪

তারিখ:

০৩ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ  
১৮ জুলাই ২০২২ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব সুরজিৎ রায় মজুমদার (৭৩২৬), সহযোগী অধ্যাপক (ইংরেজি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা গত ১৭/০১/২০১৮ খ্রি. হতে ০৯/১২/২০১৯ খ্রিস্টাব্দ পর্যন্ত মোট ০১ (এক) বছর ১০ (দশ) মাস ২২ (বাইশ) দিন বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তাঁকে অভিযোগনামা ও অভিযোগবিবরণী প্রেরণপূর্বক কারণ দর্শানো হয় এবং তিনি কারণ দর্শানোর জবাব প্রদান করেন। গত ৩০/১১/২০২১ খ্রিস্টাব্দে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় এবং জবাব ও শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদন মতে জনাব সুরজিৎ রায় মজুমদার এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় তাঁকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব, তদন্ত প্রতিবেদন এবং ঘটনার পারিপার্শ্বিকতা বিবেচনাপূর্বক জনাব সুরজিৎ রায় মজুমদার এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাঁকে "সতর্ক" করে তাঁর অননুমোদিত অনুপস্থিতকালকে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু, জনাব সুরজিৎ রায় মজুমদার (৭৩২৬), সহযোগী অধ্যাপক (ইংরেজি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত জবাববন্দি এবং আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে তাঁকে "সতর্ক" করা হলো এবং তার অননুমোদিত অনুপস্থিতকাল ১৭/০১/২০১৮ খ্রি. হতে ০৯/১২/২০১৯ খ্রিস্টাব্দ পর্যন্ত মোট ০১ (এক) বছর ১০ (দশ) মাস ২২ (বাইশ) দিন বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,  
স্বাক্ষরিত/-  
তারিখ: ১৭/০৭/২০২২  
(মোঃ আবু বকর ছিদ্দীক)  
সচিব


নম্বর- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২১.২০২১. ৩৭৪/২০০)

তারিখ:

০৩ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ  
১৮ জুলাই ২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব সুরজিৎ রায় মজুমদার এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
৩. মাননীয় শিক্ষামন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. মাননীয় শিক্ষা উপমন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অধ্যক্ষ -----।
- ✓ ৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা -----।
১০. জনাব সুরজিৎ রায় মজুমদার (৭৩২৬), সহযোগী অধ্যাপক (ইংরেজি), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

  
(মোহাম্মদ আবু নাসের বেগ)  
উপসচিব  
ফোন: ২২২৩৩৫৪২৬৫